দৈনিক বাংলা

তারিখ 27 AUG 1993
পৃষ্ঠা 7 কলাম 4

# প্রধানমন্ত্রী রোববার শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচী উদ্বোধন করবেন

ফেনী, ২৬ আগস্ট (ইউএনবি)।– সরকারের বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচীতে নয়া মাত্রা যোগ করার জন্য প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া 'শিক্ষার বিনিময়ে খাদ্য' কর্মসূচী প্রাথমিক স্কুল পর্যায়ে আগামী রোববার থেকে আনুষ্ঠানিক–ভাবে শুরু করবেন বলে আশা করা যাচ্ছে।

দেশব্যাপী 'শিক্ষার বিনিময়ে খাদ্য' কর্মসূচীতে বিশ্বখাদ্য কর্মসূচী সহায়তা দিচ্ছে। সন্তানদের স্কুলে পাঠাবার ব্যাপারে দরিদ্র পিতামাতাদের উৎসাহিত করে প্রাথ–মিক শিক্ষা খাতে দ্রুত সাফল্য অর্জনের লক্ষ্যে এই পদক্ষেপ নেয়া হয়েছে। প্রকল্পের অধীনে ছেলে–মেয়েরা ক্লাসে ৮৫ দিন উপস্থিত হলে প্রতি মাসে মাথাপিছু ১৫ কেজি করে গম পাবে।

যে পরিবার দুই বা অধিক সন্তানকে স্কুলে পাঠাবেন তাদের জন্য ৩০ কেজি গম বা চালের সমান অর্থ বরাদ্দ রয়েছে।